



সেকেন্ড স্মল এন্ড মিডিয়াম সাইজড এন্টারপ্রাইজ
ডেভেলপমেন্ট প্রজেক্ট (এসএমইডিপি-২)

এসএমইডিপি-২ সার্কুলার লেটার নং-২

তারিখঃ ২৯ পৌষ, ১৪২৭
১৩ জানুয়ারী, ২০২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
সকল তফসিলী ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারী শিল্পখাত উন্নয়নে গঠিত পুনঃঅর্থায়ন তহবিলের আওতায় পুনঃঅর্থায়ন সীমা বর্ধিতকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে ১৫ নভেম্বর ২০১৭ তারিখে জারিকৃত এফআইডি সার্কুলার নং-০১/২০১৭ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।
০২। কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারী শিল্প উদ্যোক্তা (সিএমএসএমই) খাতে ঋণ প্রবাহ বৃদ্ধির মাধ্যমে গ্রামীণ জনগোষ্ঠীর কর্মসংস্থান সৃষ্টির নিমিত্তে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক (এডিবি) এর যৌথ অর্থায়নে পরিচালিত সেকেন্ড স্মল এন্ড মিডিয়াম সাইজড এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট প্রজেক্ট (এসএমইডিপি-২) শীর্ষক পুনঃঅর্থায়ন তহবিলের বিষয়ে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়েছে :

ক) এফআইডি সার্কুলার নং-০১/২০১৭ এর ১.৪ অনুচ্ছেদে বর্ণিত পুনঃঅর্থায়ন সীমা বৃদ্ধি করে কুটির, মাইক্রো, ক্ষুদ্র উদ্যোক্তা প্রকল্প/প্রতিষ্ঠানে প্রদত্ত ঋণের বিপরীতে সর্বোচ্চ ৩.০ (তিন) কোটি টাকা এবং মাঝারী উদ্যোক্তা প্রকল্প/প্রতিষ্ঠানে প্রদত্ত ঋণের বিপরীতে সর্বোচ্চ ৫.০ (পাঁচ) কোটি টাকায় উন্নীতকরণ; এবং

খ) এফআইডি সার্কুলার নং-০১/২০১৭ এর ১.৫ অনুচ্ছেদে বর্ণিত চলতি মূলধন ঋণের ক্ষেত্রে মোট প্রদত্ত ঋণের ৩০% এর পরিবর্তে সর্বোচ্চ ১০০% পর্যন্ত ০১ বছর মেয়াদে পুনঃঅর্থায়ন এবং দু'টি সমান ষাণ্মাসিক কিস্তিতে আদায়।

০৩। এতদ্ব্যতীত, এফআইডি সার্কুলার নং-০১/২০১৭ এবং এসএমইডিপি-২ সার্কুলার লেটার নং-০১/২০২০ এর অন্যান্য সকল শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

এ সিদ্ধান্ত অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ রেজাউল করিম সরকার)
উপমহাব্যবস্থাপক ও উপ-প্রকল্প পরিচালক
ফোনঃ ৯৫৩০৭৫১